



# বাংলাদেশ ফুটবল ফেডারেশন

## BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ২৬-০৪-২০২১

### সভার বিজ্ঞপ্তি

অদ্য ২৬ এপ্রিল ২০২১ বাফুফে রেফারীজ কমিটির ২য় সভা দুপুর ১২.৩০ ঘটিকায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠিত হয়। সভায় কমিটির চেয়ারম্যান আব্দুস সালাম মুর্শেদী, এমপি, ডেপুটি চেয়ারম্যান, সদস্যসহ রেফারীজ কমিটি সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা হয়ঃ

- ১। আগামী ৩০ এপ্রিল ২০২১ তারিখ হতে 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর খেলা সৃষ্টভাবে পরিচালনার জন্য বাফুফে রেফারীজ ডিপার্টমেন্টকে প্রয়োজনীয় সংখ্যক কোর্স, সেমিনার ও ট্রেনিং এর ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ২। আগামী ৩০ এপ্রিল ২০২১ তারিখ হতে অনুষ্ঠিতব্য 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' সহ চলমান 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২০-২১' এর খেলা পরিচালনাকারী রেফারীবৃন্দের কোভিড-১৯ টেস্ট বাধ্যতামূলক করা হয়।
- ৩। চলমান 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর খেলা পরিচালনাকারী রেফারীবৃন্দের মধ্য হতে শ্রেষ্ঠ রেফারীকে পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
- ৪। খেলা পরিচালনাকারী রেফারীগণের বকেয়া সম্মানী ভাতা অতিশীঘ্রই প্রদানের উদ্যোগ গ্রহণ করা হবে।
- ৫। LAWS OF THE GAME 2020-21 এর সর্বশেষ সংশোধনী ও গুরুত্বপূর্ণ আইনসমূহ সম্পর্কে 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' ও 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২০-২১' এ অংশগ্রহণকারী দলসমূহের কর্মকর্তা, কোচ, ম্যানেজার ও খেলোয়াড়গণকে পুনরায় অবহিত করণের সিদ্ধান্ত গৃহীত হয়।

আহসান আহমেদ অমিত

হেড অব মিডিয়া

বাংলাদেশ ফুটবল ফেডারেশন।